# রাজশাহী বোর্ড-২০১৬

**উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন : প্রথম পত্র**

বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

সময়-২ ঘণ্টা ১০ মিনিট

**সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১.▶ জনাব শফি মৌসুমে টাঙ্গাইল থেকে আনারস সংগ্রহ করে দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহ করেন। ভারত হতে প্রচুর আনারস আমদানি হওয়ায় আনারসের মূল্য কমে যায়। তাই আর্থিক ক্ষতির হাত থেকে রক্ষা পেতে দ্রুত আনারস বিক্রি করে দেন। ভবিষ্যতে এরূপ পরিস্থিতি মোকাবিলায় তিনি বিকল্প ব্যবস্থা গ্রহণের কথা ভাবছেন।

ক. উৎপাদন কী? ১

খ. সার্বিক উৎপাদনশীলতা বলতে কী বোঝায়? ২

গ. টাঙ্গাইল থেকে আনারস সংগ্রহের মাধ্যমে তিনি ব্যবসায়ে কোন উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. কী ধরনের ব্যবস্থা গ্রহণ করলে তিনি ব্যবসায়ের ঝুঁকি কমাতে পারবেন বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

২.▶ জনাব সিরাজ দিনাজপুরে একটি পোলট্রি ফার্ম স্থাপন করেন। মাসিক আট হাজার টাকা বেতন ভাতা দিয়ে প্রতিষ্ঠানটির দেখাশুনার দায়িত্ব এক বন্ধুকে দেন। তার ফার্মে প্রায় সাত হাজার মুরগি আছে। তিনি দিনাজপুরের বড় বড় হোটেলে মুরগি সরবরাহ করেন। ব্যবসায়টি আরও সম্প্রসারণের জন্য জনাব সরাজ তার চাচাতো ভাই এর কাছ থেকে মুনাফা প্রদানের ভিত্তিতে ৪ লক্ষ টাকা নিয়ে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. ভূমি কী? ১

খ. মোট জাতীয় উৎপাদন বলতে কী বোঝায়? ২

গ. জনাব সিরাজের প্রতিষ্ঠিত ব্যবসায় কীরূপ সংগঠনের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিনিয়োগ সিদ্ধান্তে ব্যবসায়ে কী ধরনের পরিবর্তন আসবে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৩. ▶ মি. 'X' ৯০ লক্ষ টাকা এবং ১৫ জন শ্রমিক নিয়ে রংপুরে X ডায়াগোনোস্টিক সেন্টার স্থাপন করেন। সেবার মান ভালো হওয়ায়, চারদিকে এর সুনাম ছড়িয়ে পড়ে এবং তিনি লাভবান হন। ব্যবসায়টি বিভিন্ন শহরে সম্প্রসারণের জন্য তিনি তার ছোট ভাই-এর সাথে পরামর্শ করেন এবং অর্থ সহায়তা চান। তার ভাই তাকে দুই কোটি টাকা মূলধন হিসেবে দিতে রাজি হয়। কিন্তু বর্তমান কাঠামো বিবেচনায় মি. X চিন্তিত।

ক. উৎপাদনমাত্রা কী? ১

খ. মাত্রাজনিত ব্যয় সংকোচ বলতে কী বোঝ? ২

গ. উৎপাদনমাত্রার ভিত্তিতে মি. X-এর প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. X এর ব্যবসায় কাঠামো পরিবর্তনই হলো বর্তমান সমস্যা সমাধানের উপায়— বিশ্লেষণ করো। ৪

৪. ▶ শিহাব বনানীতে 'শিহাব ব্রাদার্স লি.' নামে একটি হোটেল ব্যবসায় শুরু করেন। মানসম্মত খাবার পরিবেশনের কারণে সুনাম বৃদ্ধি পায়। কিন্তু এক সময় ধীরে ধীরে রান্নার মান খারাপ হওয়ায় হোটেলটি লোকসানের সম্মুখীন হয়। প্রশিক্ষণপ্রাপ্ত বাবুর্চি নিয়োগ দিলে হোটেল পুনরায় লাভবান হয়।

ক. দ্রব্য কী? ১

খ. 'সেবা অস্পর্শনীয়'— বুঝিয়ে দাও। ২

গ. হোটেল কর্তৃপক্ষ কোন কাজটি যথাযথভাবে অনুসরণ করে নি? ব্যাখ্যা করো। ৩

ঘ. কাস্টমাইজেশন-ই হোটেল ব্যবসায় সফলতার মূল কারণ— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৫.▶ জনাব কবির প্রসাধনী সামগ্রী উৎপাদন করেন। তিনি পণ্যসামগ্রীকে নজরকাড়া আবরনে আবদ্ধ করেন। এতে তিনি ব্যবসায়ে বেশ সফলতা পাচ্ছেন। কিন্তু কয়েক বছর পর লক্ষ করলেন বিক্রির পরিমাণ কমে যাচ্ছে। প্রতিযোগীদের তুলনায় পণ্যের গুণগত মানও খারাপ। তিনি বিক্রির পরিমাণ বৃদ্ধির জন্য চিন্তিত।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. মডিউলার ডিজাইন বলতে কী বোঝায়? ২

গ. জনাব কবির কোন ধরনের পণ্য ডিজাইন করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. কী ধরনের ব্যবস্থা গ্রহণ করলে জনাব কবির পুনরায় বিক্রি বাড়াতে পারবেন? তোমার মতামত দাও। ৪

৬. ▶সুপার ডিলাক্স একটি বৃহৎ এনার্জি বাল্ব প্রস্তুতকারক প্রতিষ্ঠান। গত তিন মাসে প্রতিষ্ঠানটির সরবরাহকৃত ৪০% বাল্ব নষ্ট হওয়াতে ফেরত আসে। ফলে প্রচুর লোকসানের সম্মুখীন হন। ভবিষ্যতে কাঁচামাল ও প্রযুক্তি উন্নয়নের মাধ্যমে প্রতিষ্ঠানটি এ অবস্থা থেকে মুক্তি পেতে চায়।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. মূল্যায়ন ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. বাল্ব নষ্ট হওয়ার ফলে সুপার ডিলাক্স এর কোন ধরনের ব্যয় বৃদ্ধি পায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রযুক্তির উন্নয়ন ঘটালে সুপার ডিলাক্স কী লোকাসানের হাত হতে রক্ষা পেতে পারে? মতামত দাও। ৪

৭.▶ আফতাব ফুড প্রোডাক্টস একটি বিখ্যাত পোলট্রি ফিড উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি শুরুতে দৈনিক এক হাজার ব্যাগ পোলট্রি ফিড উৎপাদন করত। কিন্তু একই সময় ও শ্রম ব্যয় করে বর্তমানে দৈনিক নয়শত পঞ্চাশ ব্যাগ খাদ্য উৎপাদন করে। একই সময় ও শ্রমে কম খাদ্য উৎপাদনের কারণে উৎপাদন ব্যয় বৃদ্ধি পায়। এ প্রতিষ্ঠানটি উৎপাদন বৃদ্ধি করতে আগ্রহী।

Teachingbd.com

ক. উৎপাদন ক্ষমতা কী? ১

খ. মিতব্যয়ী উৎপাদনমাত্রা বলতে কী বোঝায়? ২

গ. 'আফতাব ফুড প্রোডাক্টস' কোন ধরনের উৎপাদন ক্ষমতা অনুসরণ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'আফতাব ফুড প্রোডাক্টস' কর্তৃক উৎপাদন বাড়ানোর সিদ্ধান্ত কতটুকু বাস্তবসম্মত বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

৮.▶ রবি একজন কৃষকের ছেলে। লেখাপড়া শেষে সে বাড়িতে একটি বেত ও বাঁশের কারখানা স্থাপন করে। দক্ষ পরিচালনার কারণে সে অল্পসময়ে লাভবান হয়। এখন সে আরও একটি কারখানা শহরে স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে।

ক. বিকেন্দ্রীকরণ কী? ১

খ. শিল্প এলাকা বলতে কী বোঝায়? ২

গ. রবির ব্যবসায় অবস্থানকে কোন ধরনের অবস্থান বলা হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. শহরে কারখানা স্থাপনের সিদ্ধান্ত কতটুকু যুক্তিসঙ্গত বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৯.▶ বগুড়ার আকবরিয়া কনফেকশনারী ফুড প্রোডাক্টস প্রতিষ্ঠানটি বিভিন্ন শহরে নিজস্ব শোরুমের মাধ্যমে বেকারি পণ্যসামগ্রী বিক্রি করে। চাহিদা বৃদ্ধি পাওয়ায় উৎপাদিত পণ্য এখন মজুদ রাখার চিন্তা-ভাবনা করছে।

ক. লে-আউট কী? ১

খ. কারখানা আইন বলতে কী বোঝ? ২

গ. আকবরিয়া কনফেকশনারী ফুড প্রোডাক্টস কোন ধরনের লে-আউট অনুসরণ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আকবরিয়া কনফেকশনারী ফুড প্রোডাক্ট কর্তৃক উৎপাদিত পণ্য মজুদ রাখার সিদ্ধান্ত কতটুকু বাস্তবসম্মত বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

Teachingbd.com

সময়— ৪০ মিনিট পূর্ণমান— ৪০ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড : ২ ৮ ৬

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. সেবাধর্মী ক্ষুদ্রায়তন এন্টারপ্রাইজের কর্মী সংখ্যা কত?
ক ৫ — ১০ খ ১০ — ২৫
গ ২৫ — ৫০ ঘ ২৫ — ৯৯

২. সাধারণত উৎপাদন বৃদ্ধি পেলে কী ঘটে?
ক স্থির ব্যয় বৃদ্ধি পায়
খ পরিবর্তনশীল ব্যয় বৃদ্ধি পায়
গ পরিবর্তনশীল ব্যয় স্থির থাকে
ঘ উপরিব্যয় স্থির থাকে

**উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. কমল একজন পোশাক প্রস্তুতকারক। তার প্রতিষ্ঠানের কর্মীরা দক্ষতার সাথে কাজ করে। কিন্তু তিনি কর্মীদের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও ন্যায্য পারিশ্রমিক দেন না। ফলে কর্মীরা ন্যায্য পারিশ্রমিক ও সুযোগ-সুবিধা না পেয়ে অন্য প্রতিষ্ঠানে চলে যায়। এতে মি. কমলের ব্যবসায় প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়।

৩. উদ্দীপকে কর্মীদের অন্য প্রতিষ্ঠানে চাকরি নেয়াকে কী বলা হয়?
ক চাকরির গতিশীলতা খ শ্রমের গতিশীলতা
গ মূলধনের গতিশীলতা ঘ সংগঠনের গতিশীলতা

৪. মি. কমলের প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হওয়ার কারণ—
i. দক্ষ শ্রমিকের অভাব ii. মূলধনের অভাব
iii. সাংগঠনিক দক্ষতার অভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. মূলধনের পারিতোষিককে কী বলে?
ক মজুরি খ খাজনা গ সুদ ঘ ভাড়া

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**
২০১০ সালে জনাব আসাদ ৫০ জন শ্রমিক নিয়ে বাঁশ ও বেতের আসবাবপত্রের তৈরির কারখানা স্থাপন করেন। পরবর্তীতে আরও ৮০ জন শ্রমিক নিয়োগ দেন। উৎপাদিত পণ্যের মান ভালো হওয়ায় বাজারে তাদের পণ্যের চাহিদা দ্বিগুণ হয়ে যায়। ফলশ্রুতিতে প্রতিষ্ঠানটি শ্রমিক সংখ্যা দ্বিগুণ করার সিদ্ধান্ত নেয়।

৬. উদ্দীপকের প্রতিষ্ঠানটি বর্তমানে কোন ধরনের এন্টারপ্রাইজ?
ক অতিক্ষুদ্র খ ক্ষুদ্র
গ মাঝারি ঘ বৃহদায়তন

৭. উদ্দীপকের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ফলে—
i. প্রতিষ্ঠানটি বৃহদায়তন এন্টারপ্রাইজে রূপান্তরিত হবে
ii. মূলধন আরও বৃদ্ধি করতে হবে
iii. বেকারত্ব বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮. দ্রব্য ও সেবার মধ্যে সাদৃশ্য কিসে?
ক দৃশ্যমানতায় খ সংরক্ষণ যোগ্যতায়
গ বণ্টন প্রণালির দৈর্ঘ্য ঘ উপযোগিতায়

৯. কোনটি সেবার বৈশিষ্ট্য?
ক দৃশ্যমানতা খ অবিচ্ছিন্নতা
গ সংরক্ষণ যোগ্যতা ঘ দীর্ঘ বণ্টন প্রণালি

১০. উৎপাদন ব্যবস্থাপনার ইতিহাসে প্রথম কে শ্রম বিভাগের ধারণা দেন?
ক এ্যাডাম স্মিথ খ চার্লস ব্যাবেজ
গ হেনরি এল গ্যান্ট ঘ গিলব্রেথ দম্পত্তি

১১. কোনটিতে দেশের অভ্যন্তরে বিদেশিদের উৎপাদন অন্তর্ভুক্ত থাকে?
ক মোট দেশজ উৎপাদন খ মোট জাতীয় উৎপাদন
গ জাতীয় আয় ঘ মাথাপিছু আয়

১২. পণ্য ডিজাইনে বিবেচনা করা হয়—
i. পণ্যের সম্ভাব্য মূল্য ii. ক্রেতাদের ক্রয়ক্ষমতা
iii. গ্রাহকের পছন্দ-অপছন্দ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
'ক' দেশে ২০১৩-১৪ অর্থবছরে মোট জাতীয় উৎপাদন ছিল ১,০০০ কোটি ডলার। অবচয় ৫০ কোটি ডলার। পরোক্ষ কর ৬০ কোটি ডলার। সরকার অর্জিত মুনাফা ১২০ কোটি ডলার এবং সরকার ভুর্তকি দিয়েছে ২০ কোটি ডলার। বর্তমানে মোট জনসংখ্যা হচ্ছে ১ কোটি। জনসংখ্যা বৃদ্ধির হার ১%।

১৩. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে 'ক' দেশের জাতীয় আয় কত হবে?
ক ৬৯০ কোটি ডলার খ ৭৯০ কোটি ডলার
গ ৮৯০ কোটি ডলার ঘ ৯৯০ কোটি ডলার

১৪. ২০১৪-১৫ অর্থবছরে মাথাপিছু আয় দ্বিগুণ করতে চাইলে জাতীয় আয় কত হবে?
ক ১৮৯০ কোটি ডলার খ ১৭৩৮ কোটি ডলার
গ ১৬৮০ কোটি ডলার ঘ ১৫৬০ কোটি ডলার

১৫. মান কী?
ক পণ্যের অন্তর্নিহিত বৈশিষ্ট্য খ পণ্যের বাহ্যিক আবরণ
গ পণ্যের উৎপাদন প্রক্রিয়া ঘ পণ্যের ব্যবহৃত উপকরণ

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**
আলম কোম্পানি অরেঞ্জ জুস ও ড্রিংক তৈরি করে। প্রতিষ্ঠানটির শ্রমনির্ভর একটি ইউনিট দৈনিক ৫০০ লিটার জুস তৈরি করতে পারে। সম্প্রতি প্রতিষ্ঠানটি জাপান থেকে মেশিন এনে কম্পিউটার নিয়ন্ত্রিত ও স্বয়ংক্রিয় একটি নতুন ইউনিট স্থাপন করে। এতে প্রতিষ্ঠানটির দৈনিক উৎপাদন দাঁড়ায় ২৫০০ লিটার।

১৬. উদ্দীপকে কোন ডিজাইনের ধারণা প্রতিফলিত হয়েছে?
ক উৎপাদন খ ক্রিয়াগত
গ নান্দনিক ঘ প্যাকেজিং

১৭. উদ্দীপকের ডিজাইনের ফলে কী ঘটে?
ক পণ্যের যোগান বৃদ্ধি পাবে
খ পণ্যের চাহিদা বৃদ্ধি পাবে
গ উৎপাদন ব্যয় বৃদ্ধি পাবে
ঘ ব্যবস্থাপনার জটিলতা বৃদ্ধি পাবে

১৮. কোন উৎপাদন ক্ষমতা স্বাভাবিক অবস্থায় দীর্ঘদিন বজায় রাখা যায়?
ক কার্যকর খ প্রকৃত
গ সর্বোচ্চ ঘ প্রকৌশলগত

১৯. পণ্য ডিজাইন প্রক্রিয়ার সর্বপ্রথম ধাপ কোনটি?
ক ক্রেতা গবেষণা খ উদ্যোগ গ্রহণ
গ পরীক্ষামূলক উৎপাদন ঘ ধারণা উন্নয়ন

২০. লে-আউটের ফলে সরাসরি কোন উদ্দেশ্যটি অর্জিত হয়?
ক মুনাফা বৃদ্ধি খ সম্পদ বৃদ্ধি
গ সহজ নির্দেশনা ঘ সহজ নিয়ন্ত্রণ

২১. কোন ধরনের উৎপাদন ক্ষমতার তথ্য মেশিনের গায়ে লেখা থাকে?
ক প্রকৌশলগত খ কার্যকর গ প্রকৃত ঘ সর্বোচ্চ

http://teachingbd.com

২২. আবাসিক হোটেলগুলো শহরকেন্দ্রিক গড়ে উঠে কেন?
ক যোগাযোগের সুবিধা খ ভোক্তার সান্নিধ্য
গ ভূমির সহজলভ্যতা ঘ শ্রমের সহজলভ্যতা

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. আলাল তৈরি পোশাক কারখানার একজন কর্মকর্তা। গত মাসে বেশ কিছু পণ্য ত্রুটিযুক্ত হওয়ায় কর্তৃপক্ষ তাকে তার দায়িত্বের অতিরিক্ত হিসাবে উৎপাদন কাজ তদারকির দায়িত্ব দেয়। এজন্য তাকে অতিরিক্ত ১০ হাজার টাকা প্রদান করা হয়। তিনি উৎপাদন কাজ পরিদর্শন ও পরীক্ষা করে কর্তৃপক্ষকে অবহিত করেন।'

২৩. উদ্দীপকের আলোকে প্রদত্ত ১০ হাজার টাকা কোন ব্যয়ের অন্তর্ভুক্ত?
ক মূল্যায়ন খ প্রতিরোধমূলক
গ অভ্যন্তরীণ বিচ্যুতি ঘ বাহ্যিক বিচ্যুতি

২৪. উদ্দীপকে গৃহীত পদক্ষেপের ফলে—
i. নিম্নমান পরিমাপ সহজ হয়
ii. উৎপাদন পরবর্তী ব্যয় এড়ানো যায়
iii. নিম্নমানের কারণ উদঘাটন হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. বিন্যাসের মাধ্যমে—
i. স্থানের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা যায়
ii. স্বল্প ব্যয়ে পণ্য ও সেবা প্রদান করা যায়
iii. সংশ্লিষ্ট শ্রমিক কর্মচারীদের আচরণ প্রভাবিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাও।**
চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত নাহার গার্মেন্টস নিজস্ব কারখানায় আমদানিকৃত কাপড় ব্যবহার করে পোশাক তৈরি করে। পর্যাপ্ত শ্রমিক ও পুঁজি থাকা সত্ত্বেও প্রতিষ্ঠানটি পূর্ণমাত্রায় উৎপাদন শুরু করতে পারেনি।

২৬. উদ্দীপকে উৎপাদনের কোন উপকরণ অপর্যাপ্ততার কথা বলা হয়েছে?
ক ভূমি খ শ্রম গ মূলধন ঘ সংগঠন

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব জামালের আসবাবপত্রের তৈরি কারখানায় শ্রমিকরা ৫টি রুমে কাজ করে। এসব রুমের একটিতে বিভিন্ন সাইজে কাঠকাটা হয়। একটিতে নকশা, একটিতে রং ও বার্নিশ একটিতে সংযোজন করা হয়। জনাব জামাল ক্রেতাদের চাহিদা অনুযায়ী বিভিন্ন নকশা রং, বার্নিশ ও সাইজের আসবাবপত্র তৈরি করেন।

২৭. জনাব জামাল কোন ধরনের বিন্যাস ব্যবহার করেন?
ক প্রক্রিয়া বিন্যাস খ স্থির বিন্যাস
গ দ্রব্যভিত্তিক বিন্যাস ঘ সরলরৈখিক বিন্যাস

২৮. বাংলাদেশে গার্মেন্টস শিল্পের অবস্থান তৈরির প্রধান কারণ কোনটি?
ক কাঁচামাল খ শ্রম
গ সরকারি নীতি ঘ পরিবহন

২৯. কোনটি সার্ভিস বিন্যাসের অন্তর্ভুক্ত?
ক প্রক্রিয়া বিন্যাস খ পণ্য বিন্যাস
গ রিটেইল বিন্যাস ঘ স্থির বিন্যাস

৩০. অভাব পূরণের ক্ষমতাকে কী বলে?
ক চাহিদা খ উপযোগ
গ উৎপাদন ঘ উৎপাদনশীলতা

৩১. উৎপাদন কী?
ক উপযোগ সৃষ্টি খ সুনাম সৃষ্টি
গ চাহিদা বৃদ্ধি ঘ যোগান বৃদ্ধি

৩২. ISO-এর কোন সনদ পরিবেশ সম্পর্কিত?
ক 9001 খ 9003 গ 9004 ঘ 14000

**উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব তুহিন নিমসারে একটি কোল্ড স্টোরেজ স্থাপন করেন। এখানে আশেপাশের আলুচাষী ও ব্যবসায়ীরা আলু রেখে পরবর্তী সময়ে চাহিদামত বিক্রয় করে এতে তারা আলুর উপযুক্ত মূল্য পায় এবং লাভবান হয়। ভোক্তারা গুণগত মানসম্পন্ন আলু ন্যায্যমূল্যে ক্রয় করে উপকৃত হয়।

৩৩. জনাব তুহিনের প্রতিষ্ঠানটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করছে?
ক রূপগত খ সময়গত
গ স্থানগত ঘ স্বত্বগত

৩৪. উদ্দীপকে উল্লিখিত কার্যক্রমের মাধ্যমে যে সুবিধা পাওয়া যায় তা হলো—
i. ভোক্তার সন্তুষ্টি অর্জন ii. কর্মসংস্থান সৃষ্টি
iii. শিল্পায়ন বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. নিচের কোনটি উৎপাদনের মানবিক উপাদান?
ক ভূমি খ শ্রম গ মূলধন ঘ সংগঠন

**উদ্দীপকটি পড়ো এবং ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।**
বেঙ্গল লেদার্স প্রতিদিন ২,৫০০ জোড়া জুতা উৎপাদন করতে পারে। তবে এটি খুব স্বল্পকালীন সময় ধরে রাখা যায়। অধিক সময় উৎপাদনের ক্ষেত্রে যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, মেরামত ইত্যাদির জন্য যে সময় ব্যয় হয় তাতে উৎপাদনের পরমাণ ১,৫০০ জোড়ার বেশি সম্ভব হয় না। বর্তমানে প্রতিষ্ঠানটি গড়ে প্রতিদিন ১,৭০০ জোড়া উৎপাদন করছে।

৩৬. প্রতিষ্ঠানটির কার্যকর উৎপাদন ক্ষমতা কত?
ক ২,৫০০ একক খ ১,৭০০ এক
গ ১,৫০০ একক ঘ ৫০০ একক

**উদ্দীপকটি পড়ো এবং ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রাফিজ একজন আইনজীবী। তিনি শহরের সুবিধাজনক স্থানে অফিস খুলে তার আইন ব্যবসায় পরিচালনা করছেন। এক্ষেত্রে সামাজিক যোগাযোগের মাধ্যমে সহায়তায় তিনি বিভিন্ন তথ্য উপাত্ত সংগ্রহের ফলে ব্যবসায়ে উত্তরোত্তর সাফল্য পাচ্ছেন।

৩৭. মি. রাফিজ তার ব্যবসায়ের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন?
ক রূপগত খ স্থানগত
গ সময়গত ঘ সেবাগত

৩৮. উৎপাদনের উৎপাদিত উপাদানকে কী বলে?
ক ভূমি খ শ্রম গ মূলধন ঘ সংগঠন

৩৯. ভূমির বৈশিষ্ট্য কোনটি?
ক যোগান অসীম খ স্থানান্তর অযোগ্য
গ অস্থায়ী ঘ মানবিক

৪০. নিচের কোনটি পরিবর্তনশীল ব্যয়?
ক নির্বাহীর বেতন খ কাঁচামালের খরচ
গ কারখানার ভাড়া ঘ যন্ত্রপাতির অবচয়

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | খ |

বি.দ্র.: ১৪নং এর সঠিক উত্তর ১,৫৯৫.৮ কোটি ডলার।

http://teachingbd.com